দৈনিক সংবাদ

তারিখ ... AUG 2 6 1999 ...
পৃষ্ঠা ...৬... কলাম ...৫...

143

### সন্ত্রাস ও ভাঙচুরের ঘটনা

# বাকসু ভিপিসহ ১০ জনকে শোকজ

নিজস্ব বার্তা পরিবেশক, ময়মনসিংহ থেকে ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ (বাকসু)র সদস্য দীপক কুমার বণিককে (দীপু) প্রহার, বিশ্ববিদ্যালয়ের নাজমুল আহসান হল ও শামসুল হক হলের কক্ষ ভাঙচুর, দখল ও সন্ত্রাসী কর্মকাণ্ডের ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বাকসুর ভিপিসহ ১০ জন ছাত্রনেতাকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে।

গত ৪ঠা জুলাই গভীর রাতে শামসুল হক হলে বাকসুর সদস্য দীপক কুমার বণিককে কতিপয় সন্ত্রাসী বেদম প্রহার করে শামসুল হক হলের ৮টি এবং নাজমুল আহসান হলের ২টি কক্ষ ভাঙচুর করে সিট দখল করে নেয়। এছাড়া ক্যাম্পাসে সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে বাকসুর ভিপি মোঃ আবদুস সালাম, সমাজকল্যাণ সম্পাদক মোস্তফা কামাল, বাকসুর সদস্য বিপ্লব হোসেন সবুজ, ছাত্রলীগ বাকৃবি শাখার দপ্তর সম্পাদক সাইফুল কামাল আজাদ লিন্টু, ছাত্রলীগ বাকৃবি শাখার আইন বিষয়ক সম্পাদক শাহাদাত হোসেন, ছাত্রলীগ বাকৃবি শাখার সদস্য ফিরোজ আল মামুন রুম্মান, আশরাফুল হক হল সংসদের ক্রীড়া সম্পাদক মসিউদ্দৌলা রেজা জুয়েল, ছাত্রলীগ বাকৃবি শাখার সদস্য কামরুল আহসান তালুকদার তুহিন, শামসুল হক হল সংসদের বার্ষিকী সম্পাদক জাহিদুর রহমান ও শামসুল হক হল সংসদের সমাজকল্যাণ সম্পাদক সারোয়ার মোর্শেদ আকন্দ জাস্টিজের বিরুদ্ধে ভারপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ডঃ আবুল খায়ের চৌধুরীর স্বাক্ষরিত নোটিশ জারি করা হয়। নোটিশে আগামী ৭ই সেপ্টেম্বরের মধ্যে জবাব দিতে বলা হয়েছে।